২৭

আজকের কাগজ

তারিখ ...2.6 JUN 1994
পৃষ্ঠা ৮ কলাম ৪

# চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে লাগাতার ধর্মঘট ও অবরোধ অব্যাহত

**চট্টগ্রাম অফিস :** চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে শিবির কর্তৃক ২ ছাত্র লীগ কর্মি মারাত্মকভাবে আহত করার ৪৮ ঘন্টা পরও সশস্ত্র শিবির কর্মিদের গ্রেফতার করতে পুলিশ ব্যর্থ হয়েছে। ফলে ছাত্রলীগ আহুত এ ধর্মঘটের অবসান হয়নি। ছাত্রলীগ সন্ত্রাসীদের গ্রেফতার ও বহিষ্কার না করায় অনির্দিষ্টকালের জন্যে ধর্মঘট ও অবরোধের ডাক দিয়েছে। গতকাল ছাত্রলীগের আহুত ধর্মঘট ও অবরোধ শান্তিপূর্ণভাবে পালিত হয়। ধর্মঘট চলাকালে বিশ্ববিদ্যালয়ে কোন ক্লাশ হয়নি। একাডেমিক সকল কাজ-কর্মও বন্ধ ছিল। সকল যানবাহন ও ট্রেন চলাচলও বন্ধ থাকে। অবরোধ চলাকালে বিশ্ববিদ্যালয় সড়কের ১নং গেইটে ও চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় রেল ষ্টেশনে পৃথক ৩টি সভা অনুষ্ঠিত হয়।